



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়া, কুমিল্লা ফোন : ০২৩৩৪৪০৬৩২৮

website : www.comillaboard.gov.bd. E-mail : comillaboard@gmail.com

নং: ৬৬

তারিখ: ১৯/০১/২০২৬ খ্রি.

## বিজ্ঞপ্তি


**বিষয়: উচ্চমাধ্যমিক শ্রেণির (২০২৫-২৬ সেশনের) রেজিস্ট্রেশন কার্ড বিতরণ ও সংশোধন [বিষয়, বিভাগ (আসন শূন্য থাকা সাপেক্ষে), ছবি, নাম, জেডার, ক্লাস রোল সংশোধন ও ভর্তি বাতিল]**

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড আগামী ১৮-০১-২০২৬ তারিখ থেকে ২৯-০১-২০২৬ তারিখের মধ্যে কুমিল্লা শিক্ষাবোর্ডের ওয়েবসাইটে কলেজ কর্নারে ([https://web.comillaboard.gov.bd/bIsech/eseba\\_details/73](https://web.comillaboard.gov.bd/bIsech/eseba_details/73)) দেওয়া লিঙ্কে কলেজের EIIN ও পাসওয়ার্ড দিয়ে লগইন করে প্রিন্ট ও সংশোধন করা যাবে। উল্লেখ্য, বোর্ড হতে রেজিস্ট্রেশন কার্ডের কোনো হার্ড কপি দেওয়া হবে না। রেজিস্ট্রেশন কার্ডে বিষয়, বিভাগ (আসন শূন্য থাকা সাপেক্ষে), ছবি, নাম, জেডার, ক্লাস রোল-এর সংশোধন ১৯-০১-২০২৬ তারিখ থেকে ২৯-০১-২০২৬ তারিখের মধ্যে প্রতিষ্ঠান প্রধানের অনুমোদন ও প্রয়োজনীয় ফি (একক/যৌথভাবে) পরিশোধ সাপেক্ষে সংশোধন করা যাবে। একই সময়ে ভর্তি বাতিলও করা যাবে। কোনো বিষয়ে জটিলতা পরিলক্ষিত হলে বোর্ডে যোগাযোগের অনুরোধ করা হলো।

**রেজিস্ট্রেশন কার্ড প্রিন্ট ও পরবর্তী করণীয়:**

- ১। রেজিস্ট্রেশন কার্ড কমপক্ষে ৮০ জিএসএম অফসেট (A4 সাইজ) কাগজে রঙিন প্রিন্ট করতে হবে;
  - ২। শিক্ষাবোর্ডের ওয়েবসাইট হতে প্রিন্টকৃত রেজিস্ট্রেশন কার্ড বর্ণিত সময়ের মধ্যে শিক্ষার্থীদের মধ্যে বিতরণ করতে হবে। বিতরণের পূর্বে প্রতিষ্ঠান প্রধান রেজিস্ট্রেশন কার্ডে ইংরেজিতে স্বাক্ষর করবেন ও যাচাইয়ান্তে শিক্ষার্থীদের দিয়েও ইংরেজিতে স্বাক্ষর করিয়ে নিবেন।
  - ৩। বিতরণের পর শিক্ষার্থী কর্তৃক সঠিক তথ্য সম্বলিত রেজিস্ট্রেশন কার্ড গ্রহণ সম্পর্কিত স্বাক্ষরপত্র বোর্ডে ১৯-০২-২০২৬ তারিখের মধ্যে জমা করতে হবে।
  - ৪। কোনো প্রকার তথ্য সংশোধনের প্রয়োজন হলে, শিক্ষার্থী স্বাক্ষর না করে সংশোধনের আবেদনসহ রেজিস্ট্রেশন কার্ড কলেজে জমা দিবে। অধ্যক্ষের অনুমোদনের পর অনলাইনে ফি পরিশোধ সাপেক্ষে প্রয়োজনীয় প্রমাণক (নাম সংশোধনের ক্ষেত্রে) সাবমিট করে বোর্ডের ওয়েবসাইটে কলেজ কর্নারে দেওয়া লিঙ্কের মাধ্যমে কলেজ কর্তৃক রেজি. কার্ড সংশোধন করা যাবে।
  - ৫। বিষয় পরিবর্তনের ক্ষেত্রে ২০১২ সালের NCTB-এর বিষয় কাঠামো (সংশোধিত) অনুসরণ করতে হবে।
  - ৬। আসন শূন্য থাকা সাপেক্ষে বিজ্ঞান ও মানবিক বিভাগ থেকে ব্যবসায় শিক্ষা বিভাগে, এবং বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা বিভাগ থেকে মানবিক বিভাগে শিক্ষার্থীরা যেতে পারবে। তবে, কোনোক্রমেই মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগ থেকে বিজ্ঞান বিভাগে যাওয়া যাবে না। বিভাগ পরিবর্তনে শূন্য আসনের অধিক আবেদনের ক্ষেত্রে এসএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মেধাক্রম অনুসরণ করা যেতে পারে।
  - ৭। বোর্ডের অনুমোদনের পর সংশোধিত রেজিস্ট্রেশন কার্ড কলেজ কর্নারে দেওয়া লিঙ্ক হতে প্রিন্ট করা যাবে।
  - ৮। যে সকল শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড প্রিন্ট করা যায়নি, সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষকে সে সকল শিক্ষার্থীর এসএসসি/সমমান পরীক্ষা পাশের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট, অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত পাসপোর্ট সাইজের এক কপি রঙিন ছবি এবং e-SIF-এর তালিকাসহ ২৮-০১-২০২৬ তারিখের মধ্যে বোর্ডে সরাসরি যোগাযোগ করতে হবে।
  - ৯। ভিন্ন বোর্ড থেকে বিটিসি-এর মাধ্যমে ভর্তি হওয়া শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড পূর্বতন বোর্ডের রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করে এই বোর্ডে জমা প্রদান সাপেক্ষে পরবর্তিতে ইস্যু করা হবে।
  - ১০। শিক্ষার্থীর অধ্যয়নরত কলেজে পাঠদানের অনুমতি নেই এমন কোনো বিষয়/বিভাগ রেজিস্ট্রেশন কার্ডে অন্তর্ভুক্ত করা যাবে না।
  - ১১। রেজিস্ট্রেশন কার্ড হারিয়ে গেলে শিক্ষার্থী সংশ্লিষ্ট থানায় জিডি করে এবং পত্রিকায় বিজ্ঞপ্তি দিয়ে এগুলোর কপিসহ অধ্যক্ষ বরাবর আবেদন করবে। যাচাইয়ান্তে কলেজ কর্তৃপক্ষ লিঙ্কে প্রবেশ করে পুনরায় রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করতে পারবেন।
  - ১২। নির্দিষ্ট সময়ের মধ্যে রেজিস্ট্রেশন কার্ড বিতরণ না করে ফেলে রাখায় শিক্ষার্থীরা ভোগান্তিতে পড়ে। নির্দেশনা মোতাবেক রেজিস্ট্রেশন কার্ড বিতরণ না করা বা বিতরণে অন্য কোনো অনিয়মের অভিযোগ পাওয়া গেলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ভর্তি বাতিলে করণীয়:**
- প্রতিষ্ঠান প্রধান বিভিন্ন বর্ষের শিক্ষার্থীদের ভর্তি বাতিলের আবেদন যাচাইয়ান্তে প্রয়োজনীয় ফি পরিশোধ সাপেক্ষে অনলাইনে এন্ট্রি দিতে পারবেন। বোর্ডের অনুমোদনের পর ট্রান্সক্রিপ্ট ফেরত, ও অর্ডারের কপি প্রদানের সময় শিক্ষার্থীর নিকট থেকে মূল রেজিস্ট্রেশন কার্ড গ্রহণ করে ১৫ কার্যদিবসের মধ্যে অর্ডারের কপিসহ বোর্ডে জমা দিবেন। উল্লেখ্য, ইতোমধ্যে বিশেষ অনুমতিতে ম্যানুয়াল ভর্তি সম্পন্ন হওয়ায় নতুন করে আর ভর্তি করানো যাবে না।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

  
১৯/০১/২০২৬